কাজের সময়সূচি

প্রতি বছর স্বাধীন শব্দ বিশেষজ্ঞরা (Independent Noise Specialists) নয়েজ কনট্যুরের ভিত্তিতে যোগ্য সম্পত্তি নির্ধারণ করবেন।

London Luton Airport পরামর্শদাতা কমিটির (LLACC) শব্দ নিরোধক উপ-কমিটি প্রতি বছর নিরোধক স্থাপনের জন্য সম্পত্তিগুলি অগ্রাধিকার ভিত্তিতে সাজাবে।

London Luton Airport প্রতি বছর শব্দ নিরোধক স্থাপনের জন্য নির্বাচিত যোগ্য সম্পত্তির মালিকদের সাথে সরাসরি যোগাযোগ করবে।

নিরোধকের প্রস্তাব গ্রহণ করতে ইচ্ছুক সম্পত্তির মালিকদের 30 দিনের মধ্যে তা জানাতে হবে।
বিকল্প হিসেবে, কোনো সম্পত্তির মালিক নিরোধক স্থাপনের প্রস্তাব প্রত্যাখ্যান করতে চাইলে তা LLA-কে লিখিতভাবে জানাতে হবে। তবে, এই মালিকদের সাথে 5 বছর পর আবার যোগাযোগ করা হবে।

মালিক নিরোধক স্থাপনের প্রস্তাবে রাজি হলে আমাদের ঠিকাদার সম্পত্তিটি পরিদর্শনের জন্য মালিকের সাথে আলোচনার মাধ্যমে একটি সময় নির্ধারণ করবেন।

LLA কর্তৃক অনুমোদিত হওয়ার পর সম্পত্তির মালিকের সুবিধামতো সময়ে কাজ শুরু হবে।

বাথরুম, রান্নাঘর, করিডর, সিঁড়ি এবং কনজারভেটরি নিরোধক স্থাপনের যোগ্য নয়।

সাধারণ প্রশ্নাবলি

প্রশ্ন আমার অবস্থান অনুযায়ী আমি প্রয়োজনীয় কনট্যুরের মধ্যে আছি বলে মনে করি, কিন্তু আমার সাথে যোগাযোগ করা হয়নি, আমার কী করা উচিত?

যোগ্য কনট্যুরের আওতাভুক্ত সব যোগ্য আবাসিক সম্পত্তির মালিকদের সাথে সরাসরি যোগাযোগ করা হয়েছে। LLACC শব্দ নিরোধক উপ-কমিটি নিরোধক স্থাপনের জন্য সম্পত্তিগুলি পর্যালোচনা ও নির্ধারণের কাজ চালিয়ে যাচ্ছে। আপনার সম্পত্তি কনট্যুরের আওতাভুক্ত বলে মনে করলে এবং আপনার সাথে যোগাযোগ করা না হয়ে থাকলে, অনুগ্রহ করে নিচে দেওয়া যোগাযোগের মাধ্যমগুলি ব্যবহার করে আমাদের সাথে যোগাযোগ করুন, যাতে আমরা আপনার তথ্যগুলি পর্যালোচনা করতে পারি।

প্রশ্ন আমি সম্পত্তিতে ভাড়া থাকি, আমি কি নিরোধক পেতে পারি?

কেবল সম্পত্তির মালিকই নিরোধক গ্রহণের সম্মতি দিতে পারেন। তাই আপনার সম্পত্তি নির্বাচিত হলে আপনাকে সম্পত্তির মালিককে এই তথ্য জানাতে হবে।

প্রশ্ন কী কী ধরণের নিরোধক পাওয়া যায়?

প্রকল্পের অংশ হিসেবে ডাবল গ্লেজিং, সেকেন্ডারি গ্লেজিং, ভেন্টিলেটর এবং লফট নিরোধক স্থাপন করা যেতে পারে। সম্পত্তিতে সেকেন্ডারি গ্লেজিংয়ের অতিরিক্ত স্তর যুক্ত করার ফলে ভেতরে শব্দের মাত্রা কমে যাবে। ভেন্টিলেটর থাকার ফলে জানালা খোলার প্রয়োজন ছাড়াই সম্পত্তির ভেতরে বিশুদ্ধ বাতাস প্রবেশ করবে এবং এর মাধ্যমে বাইরের শব্দ ভেতরে আসা রোধ করা সম্ভব হবে।

প্রশ্ন কাজ শেষ হতে কত সময় লাগতে পারে?

নিযুক্ত ঠিকাদারের সাথে প্রথম সাক্ষাৎ থেকে শুরু করে কাজ শেষ হওয়া পর্যন্ত সর্বোচ্চ 4 মাস সময় লাগতে পারে (সম্পত্তির মালিকের সময় দেওয়ার ওপর নির্ভরশীল)।

প্রশ্ন আমার সম্পত্তির কোনো ক্ষতি হলে কী হবে?

আমাদের ঠিকাদার আপনার সম্পত্তির যেকোনো ক্ষতি মেরামত করে দেবেন। তবে এমন ঘটনা ঘটলে যেকোনো ক্ষতির বিষয়ে জানানোর জন্য আপনাকে London Luton Airport-এর সাথেও যোগাযোগ করতে হবে।

প্রশ্ন প্রকল্পের বিষয়ে আমি কি কারো সাথে কথা বলতে পারি?

LLA-তে আমরা আপনার মতামত জানতে আগ্রহী। আপনি ইমেল বা টেলিফোনের মাধ্যমে আমাদের সাথে যোগাযোগ করতে পারেন।
ইমেল: Noise.Insulation@ltn.aero
টেলিফোন নম্বর: 01582 395382

London Luton Airport

শব্দ নিরোধক প্রকল্প

স্থানীয় জনপদের জন্য তথ্য



প্রিয় প্রতিবেশী,

London Luton Airport (LLA)-এ আমরা বুঝতে পারি যে আমাদের কার্যক্রমের ফলে নিকটবর্তী জনপদের অসুবিধা হতে পারে। স্থানীয় বাসিন্দা ও ব্যবসাপ্রতিষ্ঠানগুলির একজন ভালো প্রতিবেশী হওয়ার লক্ষ্যে আমরা কাজ করছি এবং সে কারণেই বিমান চলাচলের শব্দ কমানোর বিষয়টিকে আমরা সর্বোচ্চ গুরুত্ব দিয়ে আসছি।

আগামী বছরগুলিতে আমাদের উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের সাথে সাথে, এই অঞ্চলে বিমানবন্দরের মাধ্যমে আসা উল্লেখযোগ্য সামাজিক ও অর্থনৈতিক সুবিধার পাশাপাশি আমাদের কার্যক্রমের ফলে হওয়া শব্দের প্রভাবের বিষয়টিও সতর্কতার সাথে ভারসাম্য বজায় রেখে পরিচালনা করা হবে। এরই অংশ হিসেবে শব্দ সম্পর্কিত বিষয়গুলিতে আমাদের স্থানীয় জনপদের সাথে সক্রিয়ভাবে যোগাযোগ রক্ষা করতে আমরা বদ্ধপরিকর।

স্থানীয় জনপদের জন্য শব্দের মাত্রা কমানোর অন্যতম একটি পদক্ষেপ হলো আমাদের **শব্দ নিরোধক প্রকল্প।** একজন স্বাধীন শব্দ বিশ্লেষক এবং আমাদের London Luton Airport পরামর্শদাতা কমিটির (LLACC) শব্দ নিরোধক উপ-কমিটির সাথে যৌথভাবে, আমরা প্রতি বছর যোগ্য সম্পত্তিগুলিতে নিরোধক প্রদানের প্রস্তাব দেব।

LLA-র শব্দ নিরোধক প্রকল্পের একটি ধারণা প্রদান এবং যোগ্যতা সংক্রান্ত আরও তথ্যের পাশাপাশি সচরাচর জিজ্ঞাসিত কিছু প্রশ্নের উত্তর দেওয়ার উদ্দেশ্যে আমরা এই লিফলেটটি তৈরি করেছি।

নিল থম্পসন (Neil Thompson)
প্রধান পরিচালন কর্মকর্তা (Chief Operations Officer)



যোগ্য সম্পত্তি


এই প্রকল্পের আওতায় আবাসিক ও অনাবাসিক উভয় ধরণের সম্পত্তিই অন্তর্ভুক্ত রয়েছে। সম্পত্তিতে আগে থেকে থাকা নিরোধকের ওপর ভিত্তি করে ডাবল গ্লেজিং, সেকেন্ডারি গ্লেজিং, ভেন্টিলেশন ইউনিট এবং লফট নিরোধক প্রদান করা যেতে পারে। নিরোধক স্থাপনের যোগ্য কক্ষগুলির মধ্যে রয়েছে বসার ঘর, খাবার ঘর, রান্নাঘর-ডাইনিং এবং শোয়ার ঘর। রান্নাঘর, বাথরুম, কনজারভেটরি, সিঁড়ি, হলঘর এবং ল্যান্ডিং এই প্রকল্পের অন্তর্ভুক্ত নয়।

নয়েজ কনট্যুর

নির্দিষ্ট মাত্রার শব্দের সম্মুখীন হওয়া এলাকাগুলিকে নিচের নয়েজ কনট্যুরে নির্দেশ করা হয়েছে। আবাসিক এবং অনাবাসিক উভয় ধরণের সম্পত্তিই এই কনট্যুরের মধ্যে অবস্থিত হলে তা শব্দ নিরোধক পাওয়ার যোগ্য।

নয়েজ কনট্যুরের ধারণাটি আবহাওয়া মানচিত্রের মতোই। ঠিক যেমন আবহাওয়া মানচিত্রে সমান বায়ুচাপ বিশিষ্ট স্থানগুলিকে যুক্ত করার জন্য আইসোবার থাকে, তেমনি নয়েজ কনট্যুরের মাধ্যমে একই মাত্রার শব্দ থাকা স্থানগুলিকে যুক্ত করা হয়।

এই নয়েজ কনট্যুরটি 2023 সালের পূর্বাভাসকৃত নয়েজ কনট্যুর যা 2028 সাল পর্যন্ত নির্ধারিত রয়েছে; এর ফলে পরিস্থিতির শিকার হওয়া প্রত্যেকেই এই সুবিধা পেতে পারেন।



© Crown Copyright. সর্বস্বত্ব সংরক্ষিত। London Luton Airport, O.S. লাইসেন্স নম্বর 0000650804